দৈনিক সংবাদ
বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 06 OCT 1988
পৃষ্ঠা 2 কলাম 1

151

## ভেন্নাবাড়ী উচ্চ বিদ্যালয়টি পুনঃনির্মাণ করার আবেদন

গোপালগঞ্জ জেলার ভেন্নাবাড়ী গ্রামে ভেন্নাবাড়ী সম্মিলিত উচ্চ বিদ্যালয় ও সরকারী প্রাথমিক বিদ্যালয় অবস্থিত। রথবাড়ী, কলপুর, গ্রান পুকুরিয়া, বরই ভিটা, চানটা ও ভেন্নাবাড়ী গ্রামের ৪৫০ জন ছাত্র-ছাত্রী উক্ত উচ্চ বিদ্যালয়ে পড়ালেখা করে এবং প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র সংখ্যাও ৩৫০ জনের মত। স্কুলের উত্তর পার্শ্বে এলাকায় পানি সরবরাহের নিমিত্তে একটি স্লুইস গেট ছিল। এবারের প্রবল বন্যায় গেটটি ভেঙ্গে যায়। বন্যার করাল-গ্রাসে পতিত হয় বিদ্যালয় দু'টি এবং সড়কসংলগ্ন জনগণ। বন্যার প্রবল স্রোত ধুয়ে মুছে নেয় বিদ্যালয়ের তিনটি টিনের ঘর, দুইটি বিল্ডিং, আসবাবপত্র—যা কিছু ছিল এবং এলাকার দরিদ্র জনসাধারণের ঘর-বাড়ী। আগে থেকে বলে না দিলে কারো বুঝার উপায় নেই যে, এখানে তিনটি টিনের ঘর, দু'টি বিল্ডিং ছিল, স্কুলের সম্মুখে ছিল সারি সারি নারিকেল গাছ। বন্যার চরম শিকার হয়েছে স্কুলের ৮শ' ছাত্রছাত্রী এবং বিশেষভাবে এবারের এস,এস,সি পরীক্ষার্থীরা।

তাই শিক্ষা মন্ত্রণালয়ের নিকট অনুরোধ জানাচ্ছি, বিদ্যালয় দু'টি পুনঃনির্মাণের ব্যবস্থা গ্রহণ এবং যোগাযোগ মন্ত্রণালয়কেও বিচ্ছিন্ন যোগাযোগ ব্যবস্থাকে সত্বর যোগাযোগের উপযুক্ত করে তোলার আহ্বান জানাচ্ছি।

বিকাশ মজুমদার,
রথবাড়ী।